



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০২২.২০-১৬৭

তারিখঃ ২৩ আষাঢ় ১৪২৭ ব.
০৭ জুলাই ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-১৩৫০২/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ১৩৫০২/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ১৩৫০২/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপঃ

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
১৩৫০২/২০১৯	১। জনাব মো: মঞ্জুরুল ইসলাম, সহকারী শিক্ষক (ধর্ম) বড়বিহানালী টেকনিক্যাল (ভোকেশনাল) স্কুল, বাগমারা, রাজশাহী। ২। জনাব দুলাল উদ্দিন, সহকারী শিক্ষক (ধর্ম), বাগমারা টেকনিক্যাল (ভোকেশনাল) স্কুল, বাগমারা, রাজশাহী।	সচিব শিক্ষা মন্ত্রণালয়, চেয়ারম্যান, বিটিইবি ও ডি.জি, ডিটিই সহ মোট ০৬ (ছয়) জন।	১ নং পিটিশনার জনাব মো: মঞ্জুরুল ইসলাম, সহকারী শিক্ষক (ধর্ম) পদে রাজশাহী জেলার বাগমারা উপজেলাধীন বড়বিহানালী টেকনিক্যাল (ভোকেশনাল) স্কুল এ ১৫/০৬/২০০৪ তারিখে যোগদান করেন। একই উপজেলাধীন বাগমারা টেকনিক্যাল ভোকেশনাল স্কুল-এ ২নং পিটিশনার জনাব মো: দুলাল উদ্দিন ও সহকারী শিক্ষক (ধর্ম) পদে ২৮/০৮/২০০৪ তারিখে যোগদান করেন। উক্ত পিটিশনারদ্বয় কে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০১৮ এর অনুচ্ছেদ ১৯ এর নির্দেশনা অনুযায়ী এমপিওভুক্তির জন্য ডিজি, ডিটিই বরারব ১নং পিটিশনার কর্তৃক ১১/১১/২০১৯ তারিখে (Annexure-H2 মূলে) এবং ২নং পিটিশনার কর্তৃক ১১/০৯/২০১৯ তারিখে (Annexure-I মূলে) আবেদন দাখিল করা হয়। উক্ত আবেদনের আলোকে প্রতিকার না পাওয়ায় পিটিশনারদ্বয় তাদের আবেদন দুটি নিষ্পত্তি করার জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবী করে জনাব মো: মঞ্জুরুল ইসলাম ও জনাব দুলাল উদ্দিন কর্তৃক পিটিশনার হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ১৩৫০২/২০১৯ দায়ের করা হয়।

০২। উক্ত রিট মামলাটি গত ০২/১২/২০১৯ তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক রুল শুনানি অনিষ্পন্ন রেখে ১নং পিটিশনার কর্তৃক ১১/১১/২০১৯ তারিখে (Annexure-H2 মূলে) এবং ২নং পিটিশনার কর্তৃক ১১/০৯/২০১৯ তারিখে (Annexure-I মূলে) দাখিলকৃত আবেদন দুটি নিষ্পত্তি না করা কেন বেআইনি ঘোষণা করা হবে না; এবং উক্ত আবেদন দুটি সুবিধাজনক সময়ের মধ্যে বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য ০২ নং রেসপনডেন্ট (ডি.জি, ডিটিই) কে কেন নির্দেশনা প্রদান করা হবে না, সেমর্মে ৩০/১২/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য রেসপনডেন্টগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়েছে। একইসাথে পিটিশনারদ্বয় কর্তৃক ১১/১১/২০১৯ তারিখে (Annexure-H2 মূলে) এবং ১১/০৯/২০১৯ তারিখে (Annexure-I মূলে) দাখিলকৃত আবেদন দুটি আদেশপ্রাপ্তি ৬০ (ষাট) দিনের মধ্যে বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য ২নং রেসপনডেন্ট (ডি.জি, ডিটিই)-কে নির্দেশনা দিয়ে এক অন্তর্বর্তীকালীন আদেশ দেয়া হয়েছে। উক্ত আবেদন দুটি নিষ্পত্তির সাথে সাথে রুলনিশিটি খারিজ হয়ে যাবে মর্মেও মহামান্য হাইকোর্ট কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৩। উল্লেখ্য- বর্ণিত রিট মামলাটি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে ব্যক্তি এমপিওভুক্তকরণ সংক্রান্ত। যা ডিজি, ডিটিই কর্তৃক সম্পন্ন করা হয়ে থাকে। তাছাড়া আলোচ্য মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক পিটিশনারদ্বয়ের আবেদন দুটি {১নং পিটিশনার কর্তৃক ১১/১১/২০১৯ তারিখে (Annexure-H2 মূলে) এবং ২নং পিটিশনার কর্তৃক ১১/০৯/২০১৯ তারিখে (Annexure-I মূলে)} নিষ্পত্তি করার জন্যও ০২ নং রেসপনডেন্ট (ডি.জি, ডিটিই)-কে নির্দেশনা প্রদান করা হয়েছে বিধায় উক্ত আবেদন দুটি ডিটিই কর্তৃক নিষ্পত্তিকরত: মহামান্য হাইকোর্টে জবাব (Affidavit in opposition) দাখিলপূর্বক ডিএমইকে অবহিত করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, উপরি-উক্ত মতে রিট পিটিশন নং- ১৩৫০২/২০১৯ মামলায় ০২/১২/১৯ তারিখের অন্তর্বর্তীকালীন আদেশ অনুযায়ী পিটিশনারদ্বয়ের আবেদন দুটি {১নং পিটিশনার কর্তৃক ১১/১১/২০১৯ তারিখে (Annexure-H2 মূলে) এবং ২নং পিটিশনার কর্তৃক ১১/০৯/২০১৯ তারিখে (Annexure-I মূলে)} বিধি মোতাবেক ইতোমধ্যে নিষ্পত্তি করা হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদিসহ আবেদন দুটি নিষ্পত্তির বিষয়টি মহামান্য হাইকোর্টের দৃষ্টিতে আনয়নের বিষয়ে গৃহীত ব্যবস্থা সর্বশেষ তথ্যাদি (প্রমাণকসহ) আগামী ২০.০৭.২০ খ্রি: তারিখ এর মধ্যে টিএমইডি-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪২০৫০১৫৭।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্তার কপি।